ঢাকা ওয়াসা

ক্র. নং ০১ ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
ক্র. নং ০২ সিএএমসি হতে প্রাপ্ত hydraulic station এর ড্রয়িং।
ক্র. নং ০৩ পূর্বানুমোদিত দরের নোট ও প্রাক্কলন।
ক্র. নং ০৪ বিদ্যমান hydraulic station এর টেকনিক্যাল কমিটির প্রতিবেদন।
ক্র. নং ০৫ আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Repair, maintenance of hydraulic station at WTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১) সংযুক্ত ক্রমিক নং- ০১ হতে ০৪ দয়া করে যেতে পারে। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদ্মা পানি শোধনাগারের কার্যক্রম পুরোদমে চলমান আছে। বর্তমানে গড়ে ২৫০ হতে ২৮০ এমএলডি পরিশোধিত পানি ঢাকা শহরে বিদ্যমান নেটওয়ার্কে যুক্ত হচ্ছে। শোধনাগারে WTP ইউনিটের পাম্প স্টেশনে ৭১০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন ৬ সেট পাম্প মোটর আছে, যার মধ্যে ২টি ভিএফডি চালিত ৪টি সফ্ট স্টাটার চালিত। উক্ত পাম্পগুলোর প্রতিটির সাথে একটিকরে Hydraulic Station with Control Panel আছে। Hydraulic Station এর কন্ট্রোলিংয়ের মাধ্যমে বাটারফ্লাই ভাল্বটি ওপেন ক্লোজ হয়। যা স্ক্যাডা কন্ট্রোলের সাথে **synchronized** করা। শোধনাগারের IPS, WTP & BPS ইউনিটে প্রতিটি পাম্পের সাথে একই ধরনের Hydraulic Station ব্যবহার করা হয়েছে। উক্ত মালামাল কাস্টমাইজ হওয়ার কারনে লোকাল বাজারে পাওয়া যায় না, তাই বিদেশ হতে আমদানি করতে হয়, যা বেশ সময় স্বাপেক্ষ। শোধনাগারের WTP ইউনিটের বিদ্যমান পাম্পগুলো সচল রাখার জন্য Hydraulic Station মেরামত ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। সেই লক্ষে Repair, maintenance of hydraulic station at WTP কাজটি ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত ক্রয় পরিকল্পনাভুক্ত করা হয়েছে (ক্রমিক নং-০১ দ্রষ্টব্য)।

০২) পদ্মা পানি শোধনাগারে WTP ইউনিটের কিলোওয়াট ৬ সেট পাম্প মোটরগুলো সচল রাখার জন্য বিদ্যমান Hydraulic Station এর মধ্যে ২ সেট মেরামত ও রক্ষণাবেক্ষণ করার লক্ষ্যে একই কেটাগরি পাম্পের রক্ষণাবেক্ষণ কাজের পূর্বানুমোদিত দরের আলোকে একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে (সংযুক্তি ৩, ৪ এবং ৫ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয় ৳৪,৯৭,০০০/= (চার লক্ষ সাতানব্বই হাজার) টাকা। উক্ত ব্যয় অত্র বিভাগের ২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বাজেট বরাদ্দের Water & Sewage Treatment Plant (O&M) খাত হতে (অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-294: প্যাকেজ নং- APP/25-26/W/69) নির্বাহ করে পিপিআর-২০২৫ এর বিধি-৭৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে।

৩। এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগারে WTP ইউনিটের ৭১০ কিলোওয়াট ৬ সেট পাম্প মোটরগুলো সচল রাখার জন্য বিদ্যমান Hydraulic Station এর মধ্যে ২ সেট মেরামত ও রক্ষণাবেক্ষণ করার লক্ষ্যে "Repair, maintenance of hydraulic station at WTP" কাজটি সম্পাদনের নিমিত্তে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

ক) প্রস্তাবিত কাজটি পিপিআর-২০২৫ এর বিধি-৭৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের সদয় অনুমোদন।

খ) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৳৪,৯৭,০০০/= (চার লক্ষ সাতানব্বই হাজার) টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত ব্যয় পদ্মা পানি শোধনাগার-এর ২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বাজেট বরাদ্দের Water & Sewage Treatment Plant (O&M) খাত হতে (অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-294; প্যাকেজ নং- APP/25-26/W/69) নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।

17.05.26
Amit Bishwas
Sub-Assistant Engineer
Padma Water Treatment Plant
Dhaka WASA

SDE
17/05/26
মাহমুদ রিয়াদ
উপ-বিভাগীয় প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার
ঢাকা ওয়াসা

EE
17.05.2026
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার
ঢাকা ওয়াসা

SE, WSTPC
17/05/26
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা

৪। প্রস্তাব অনুমোদিত।

17/05/26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

Xen, PWTP